তারিখ:

# মার্কিন যুক্তরাষ্ট্র ক্ষুদ্র ব্যবসায় প্রশাসন
## তথ্য পত্র – প্রাকৃতিক বিপর্যয় ঋণ

## মিশিগান ঘোষণা 17039 ও 17040
*(বিপর্যয়: **MI-00099**)*
## ঘটনা: তীব্র ঝড়, বন্যা এবং টর্নেডো

ঘটনাকাল: 25 জুন – 26 জুন, 2021

**মিশিগানের** এই কাউন্টিগুলিতে: **ওয়াশটেনঅ এবং ওয়েন** আর সংলগ্ন এই **মিশিগান** কাউন্টিগুলির অর্থনৈতিক ক্ষতির জন্য: ***জ্যাকসন, লেনাউই, লিভিংস্টন, ম্যাকম্ব, মনরো এবং ওকল্যান্ড***

*আবেদন পূরণের শেষ তারিখ:*
বস্তুগত ক্ষতি: ***13 সেপ্টেম্বর, 2021*** অর্থনৈতিক ক্ষতি: ***15 এপ্রিল, 2022***

আপনি যদি ঘোষিত বিপর্যয়ের এলাকায় থাকেন, আপনি মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসায় প্রশাসন (এস.বি.এ) এর কাছ থেকে আর্থিক সহায়তা প্রাপ্তির যোগ্য হতে পারেন।

**কী ধরনের প্রাকৃতিক বিপর্যয় ঋণ পাওয়া যায়?**

- ব্যবসার বস্তুগত বিপর্যয় ঋণ – ব্যবসার মালিকানাধীন বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত সম্পদ মেরামত অথবা প্রতিস্থাপনের জন্য ঋণ, যার অন্তর্গত রিয়েল এস্টেট, কাঁচা মাল, সরবরাহ, যন্ত্রপাতি এবং উপকরণ। যে কোনও আকারের ব্যবসা এর যোগ্য। ব্যক্তিগত, অ-লাভজনক প্রতিষ্ঠান যেমন দাতব্য, চার্চ, বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইত্যাদিও যোগ্য।
- অর্থনৈতিক বিপর্যয় ক্ষতি ঋণ (ইআইডিএল) – ক্ষুদ্র ব্যবসা, ক্ষুদ্র কৃষি সমবায়, মাছ চাষে যুক্ত ক্ষুদ্র ব্যবসাগুলিকে এবং সকল আকারের বেশিরভাগ বেসরকারি, অলাভজনক প্রতিষ্ঠানকে যারা বিপর্যয়ের প্রত্যক্ষ কারণে তাদের স্বাভাবিক এবং প্রয়োজনীয় আর্থিক দায়বদ্ধতা মেটাতে পারছে না তাদের সহায়তা করতে। এই ঋণ বিপর্যয় থেকে পুনরুদ্ধার পাওয়ার সময়কালে সহায়তার উদ্দেশ্যে।
- গৃহ বিপর্যয় ঋণ – প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত রিয়েল এস্টেট এবং গাড়ি সহ ব্যক্তিগত সম্পত্তি সারাতে অথবা প্রতিস্থাপন করতে বাড়ি-মালিক অথবা ভাড়াটিয়াদের ঋণ।

**ধার পাওয়ার জন্য কী কী প্রয়োজন?**

- ক্রেডিট ইতিহাস – আবেদনকারীদের অবশ্যই SBA এর কাছে গ্রহণযোগ্য ক্রেডিট ইতিহাস থাকতে হবে।
- পরিশোধ – আবেদনকারীদের অবশ্যই সকল ঋণ পরিশোধের ক্ষমতা প্রদর্শন করতে হবে।
- জামানত – $25000 এর উপর সকল ঋণ এবং $25000 এর উপর সকল EIDL ঋণের জন্য জামাতন প্রয়োজন। উপলব্ধ হলে SBA জামানত হিসেবে রিয়েল এস্টেট গ্রহণ করে। SBA জামানতের অভাবে ঋণ দিতে অস্বীকার করবে না, কিন্তু যা উপলব্ধ আপনার তা অঙ্গীকার করা প্রয়োজন।

**সুদের হার কত?**

আইন অনুসারে, সুদের হার নির্ভর করে প্রত্যেক আবেদনকারীর অন্যত্র উপলব্ধ ক্রেডিটের উপর। SBA যখন নিরূপণ করে যে একজন আবেদনকারীর যথেষ্ট তহবিল বা অন্য সংস্থান নেই, অথবা বেসরকারি উৎস থেকে ধার করার ক্ষমতা নেই তখন আবেদনকারীর অন্যত্র ক্রেডিট উপলব্ধ নেই। কোনও আবেদনকারী, যার নিজস্ব পুনরুদ্ধারের ক্ষমতা আছে বলে SBA নিরূপণ করে, তার অন্যত্র ক্রেডিট উপলব্ধ আছে বলে মনে করা হয়। ঋণের মেয়াদের জন্য সুদের হার অপরিবর্তিত থাকে। বিপর্যয়ের জন্য প্রযোজ্য সুদের হার হল:

| ঋণের ধরন | অন্যত্র কোনও ক্রেডিট উপলব্ধ নয় | অন্যত্র ক্রেডিট উপলব্ধ |
|---|---|---|
| গৃহ ঋণ | 1.625% | 3.250% |
| ব্যবসার ঋণ | 2.880% | 5.760% |
| অলাভজনক প্রাতিষ্ঠান | 2.000% | 2.000% |

অর্থনৈতিক ক্ষতি বাবদ ঋণ

| ঋণের ধরন | অন্যত্র কোনও ক্রেডিট উপলব্ধ নয় | অন্যত্র ক্রেডিট উপলব্ধ |
|---|---|---|
| ব্যবসা ও ক্ষুদ্র কৃষি সমবায় | 2.880% | উপলব্ধ নয় |
| অলাভজনক প্রাতিষ্ঠান | 2.000% | উপলব্ধ নয় |

**ঋণের মেয়াদ কত?**

আইন ঋণের মেয়াদ সর্বোচ্চ 30 বছর পর্যন্ত অনুমোদন করে। অবশ্য, অন্যত্র ক্রেডিট উপলব্ধ এমন ব্যবসাগুলির ক্ষেত্রে আইন সর্বোচ্চ 7-বছর মেয়াদ সীমিত করে। প্রত্যেক ঋণগ্রহীতার পরিশোধের ক্ষমতার ভিত্তিতে SBA কিস্তিতে প্রদেয় অর্থের পরিমাণ এবং সংশ্লিষ্ট ম্যাচিওরিটি স্থির করে।

**ঋণের পরিমাণের সীমা কত?**

- ব্যবসার ঋণ – আইন অনুসারে রিয়েল এস্টেট, কাঁচা মাল, যন্ত্রপাতি, উপকরণ এবং অন্য সকল বস্তুগত ক্ষতির জন্য ব্যবসার ঋণের সীমা $2,000,000. এই সর্বোচ্চ সীমার অধীনে, ঋণের পরিমাণ যাচাইকৃত অবিমাকৃতবিপর্যয় ক্ষতি অতিক্রম করতে পারে না।
- বিপর্যয়জনিত অর্থনৈতিক ক্ষতির ঋণ (EIDL) – আইন অনুসারে বিপর্যয়ের কারণে অর্থনৈতিক ক্ষতি লাঘবের জন্য EIDL-এর সীমা $2,000,000. প্রতিটি ঋণের প্রকৃত পরিমাণ SBA এর দ্বারা নির্ধারিত অর্থনৈতিক ক্ষতির উপর নির্ভর করে, তার থেকে ব্যবসায় বাধা সংক্রান্ত বিমা এবং ঋণ দানের প্রশাসনিক সীমা পর্যন্ত অন্যান্য পুনরুদ্ধারের মধ্যে তা সীমাবদ্ধ। মার্কিন ক্ষুদ্র ব্যবসায় প্রশাসন দ্বারা নির্ধারিত অনুসারে সেই সকল সংস্থা এবং তাদের মালিক যারা বেসরকারি উৎস থেকে তাদের নিজস্ব পুনরুদ্ধার জোগাড় করতে পারবে না তাদের জন্য EIDL এর সহায়তা উপলব্ধ।
- ব্যবসার ঋণের ঊর্ধ্বসীমা – ব্যবসার ঋণের বিধিবদ্ধ সীমা $2,000,000 বস্তুগত, অর্থনৈতিক ক্ষতি, নিরসন এবং পুনঃঅর্থায়নের সমন্বয়ের উপর প্রযোজ্য, এবং প্রতিটি বিপর্যয়ের জন্য একটি ব্যবসা এবং তার সহযোগীদের সকল বিপর্যয় ঋণের ক্ষেত্রে প্রযোজ্য। কোনো ব্যবসা কর্মসংস্থানের প্রধান উৎস হলে, বিধিবদ্ধ সীমা $2,000,000 এতে ছাড় দেওয়ার ক্ষমতা SBA এর আছে।
- গৃহ ঋণ - SBA এর প্রবিধান অনুসারে রিয়েল এস্টেটের মেরামত অথবা প্রতিস্থাপনের জন্য গৃহ ঋণের সীমা $200,000 এবং ব্যক্তিগত সম্পত্তি মেরামত বা প্রতিস্থাপনের জন্য সীমা $40,000. এই সর্বোচ্চ সীমাগুলির অধীনে, ঋণের পরিমাণ যাচাইকৃত অবিমাকৃতবিপর্যয় ক্ষতি অতিক্রম করতে পারে না।

**ঋণ পাওয়ার যোগ্যতার ক্ষেত্রে বিধিনিষেধ কী কী?**

- অবিমাকৃত ক্ষতি – শুধু অবিমাকৃত অথবা অন্যথায় ক্ষতিপূরণ না পাওয়া বিপর্যয়জনিত ক্ষতিগুলি যোগ্য। বকেয়া বন্ধকীর প্রেক্ষিতে আবেদন প্রয়োজন এমন কোনও বিমা থেকে প্রাপ্ত অর্থরাশি বিপর্যয়ের মোকাবিলার রক্ষণাবেক্ষণে অর্থ সংস্থান করতে উপলব্ধ নয় এবং ঋণ প্রাপ্তির যোগ্যতা হ্রাস করে না। অবশ্য, বকেয়া বন্ধকী দিয়ে স্বেচ্ছায় আবেদনকৃত কোনও বিমা থেকে প্রাপ্ত অর্থরাশি ঋণের যোগ্যতা হ্রাস করে।
- অযোগ্য সম্পত্তি – সেকেন্ডারি হোম, ব্যক্তিগত বিনোদন নৌকা, বিমান, বিনোদনমূলক যানবাহন এবং ঐরূপ সম্পত্তিগুলি যোগ্য নয়, যদি সেগুলি ব্যবসার উদ্দেশ্যে ব্যবহৃত না হয়। অ্যান্টিক এবং কালেকশন এর মতো সম্পত্তিগুলি শুধুমাত্র তাদের কার্যকরী মূল্য অনুসারে যোগ্য। ল্যান্ডস্কেপ করা, সুইমিং পুল, ইত্যাদির ক্ষেত্রে পরিমাণ সীমিত।
- অ-অনুবর্তিতা – পূর্ববর্তী SBA ঋণের শর্তাদির অনুবর্তিতা রক্ষা করেননি এমন আবেদনকারীরা যোগ্য বিবেচিত না হতে পারেন। এর অন্তর্ভুক্ত সেই সকল ঋণগ্রহীতা যারা পূর্ববর্তী SBA ঋণের বন্যা এবং/অথবা বিপদজনিত বিমা বজায় রাখেননি।

**দ্রষ্টব্য:** SBA বিপর্যয় ঋণের অনুমোদন কিভাবে ঋণের আবেদনকারীদের যোগ্যতাকে প্রভাবিত করতে পারে তা সেই এজেন্সি / সংস্থাগুলির কাছে খোঁজ নিয়ে দেখা উচিত যারা এই ঘোষণার অধীনে কোনও অনুদান অথবা অন্য সহায়তা কর্মসূচি প্রদান করছে।

**তহবিল নিরসন উন্নয়নের ক্ষেত্রে কোনও সাহায্য হয় কি?**

আপনার ঋণের আবেদন অনুমোদিত হলে, ভবিষ্যত ক্ষতির হাত থেকে আপনার সম্পত্তিকে সুরক্ষিত করতে উন্নয়নের খরচ যোগান দিতে আপনি অতিরিক্ত তহবিলের জন্য যোগ্য হতে পারেন। উন্নয়নের উদাহরণের অন্তর্ভুক্ত প্রাচীর, সমুদ্রপ্রাচীর, সাম্প পাম্প ইত্যাদি। অনুমোদিত ঋণের পরিমাণের সাথে নিরসন ঋণের অর্থ যোগ হবে, কিন্তু তা প্রকৃত সম্পত্তির বস্তুগত ক্ষতির 20 শতাংশের উপর হতে পারে না, যার অন্তর্ভুক্ত ইজারা সম্পত্তির উন্নয়ন এবং ব্যক্তিগত সম্পত্তি যা SBA এর দ্বারা যাচাইকৃত অনুসারে গৃহ ঋণের জন্য সর্বোচ্চ $200,000. আবেদনের সঙ্গে উন্নয়নের বর্ণনা এবং খরচের আনুমানিক প্রদান প্রয়োজনীয় নয়। যে কোনও ঋণ বৃদ্ধির পূর্বে নিরসনের পদক্ষেপের SBA এর অনুমোদন প্রয়োজন হবে।

**পুনঃঅর্থায়নের জন্য কোনও সহায়তা উপলব্ধ কি?**

- SBA পূর্বে বন্ধকী দেওয়া সম্পত্তির সমগ্র অথবা অংশ রেকর্ড করা পূর্বস্বত্বের প্রমাণের ভিত্তিতে পুনঃঅর্থায়ন করতে পারে, যখন আবেদনকারীর (1) অন্যত্র ক্রেডিট উপলব্ধ নয়, (2) ক্ষতিপূরণবিহীন পর্যাপ্ত বিপর্যয় ক্ষতি ভোগ করেছেন (সম্পত্তির মূল্যের 40 শতাংশ বা তার বেশি অথবা কাঠামোর মূল্যের 50% বা তার বেশি), এবং (3) ক্ষতি মেরামতের উদ্দেশ্যে ব্যবহার করা হয়।
- ব্যবসা – ব্যবসার মালিকরা বর্তমান বন্ধকী অথবা রিয়েল এস্টেট, যন্ত্রপাতি এবং উপকরণের পূর্বস্বত্বের ভিত্তিতে পুনঃঅর্থায়নের জন্য যোগ্য হতে পারেন, যার পরিমাণ রিয়েল এস্টেট, যন্ত্রপাতি এবং উপকরণের মেরামতির জন্য প্রয়োজনীয় ঋণ পর্যন্ত।
- গৃহ – বাড়ির মালিকরা বাড়ির বর্তমান পূর্বস্বত্ব অথবা বন্ধকীর পুনঃঅর্থায়নের জন্য যোগ্য হতে পারেন, যার পরিমাণ রিয়েল এস্টেট মেরামতি অথবা প্রতিস্থাপনের জন্য ঋণ পর্যন্ত।

**আমি স্থানান্তর করার সিদ্ধান্ত নিলে কী হবে?**

আপনি স্থানান্তর করার জন্য আপনার SBA বিপর্যয় ঋণ ব্যবহার করতে পারেন। আপনি স্বেচ্ছায় অথবা অনিচ্ছাকৃত ভাবে স্থানান্তর করতে চান তার উপর স্থানান্তর ঋণের পরিমাণ নির্ভর করে। আপনি স্থানান্তরে আগ্রহী হলে, একজন SBA প্রতিনিধি আপনার নির্দিষ্ট পরিস্থিতির উপর আপনাকে আরও বিস্তারিত জানাতে পারেন।

**ঋণের জন্য বিমা সংক্রান্ত প্রয়োজনীয়তা আছে কি?**

প্রত্যেক ঋণগ্রহণকারী এবং এজেন্সিকে সুরক্ষিত রাখতে, আপনার বিমা গ্রহণ করা এবং বজায় রাখা SBA এর প্রয়োজন হতে পারে। আইন অনুসারে, যে সকল ঋণগ্রহণকারীর ক্ষতিগ্রস্ত অথবা জামানত সম্পত্তি বিশেষ বন্যা বিপদসঙ্কুল অঞ্চলে অবস্থিত তাদের অবশ্যই বন্যার বিমা ক্রয় করতে এবং বজায় রাখতে হবে। SBA এর প্রয়োজন হল যে বন্যা বিমার কভারেজ নিম্নোক্তগুলির থেকে কম হবে – 1) মোট বিপর্যয় ঋণ, 2) সম্পত্তির বিমাযোগ্য মূল্য, অথবা 3) উপলব্ধ সর্বোচ্চ বিমা

আবেদনকারীরা অনলাইনে আবেদন করতে, বিপর্যয় সংক্রান্ত অতিরিক্ত সহায়তার তথ্য পেতে এবং আবেদনপত্র ডাউনলোড করতে পারেন এখানে https://disasterloan.sba.gov/ela. আবেদনকারীরা SBA এর ক্রেতা পরিষেবা কেন্দ্রতে (800) 659-2955 নম্বরে ফোন করে অথবা disastercustomerservice@sba.govএ ইমেল যোগাযোগ করে SBA এর বিপর্যয় সহায়তা সম্পর্কে আরও তথ্য পেতে পারেন। বধির অথবা কম শোনেন এমন ব্যক্তিরা ফোন করতে পারেন (800) 877-8339. সম্পূর্ণ করা আবেদনপত্র ডাকযোগে এই ঠিকানায় পাঠাতে হবে U.S. Small Business Administration, Processing and Disbursement Center, 14925 Kingsport Road, Fort Worth, TX 76155.